# ণ-ত্ব ও ষ-ত্ব বিধান

## পাঠ ১

### উদ্দেশ্য

**এ পাঠটি পড়ে আপনি-**

* ণ-ত্ব বিধান কাকে বলে লিখতে পারবেন।
* ণ-ত্ব বিধানের নিয়মগুলো বর্ণনা করতে পারবেন।

### ণ-ত্ব ও ষ-ত্ব বিধান

বাংলা ভাষায় দন্ত্য ন ও মূর্ধন্য ণ-এর উচ্চারণগত কোন পার্থক্য নেই। কিন্তু সংস্কৃত ভাষায় এর পার্থক্য ছিল। আমরা জানি বাংলা ভাষায় অবিকৃত বহু সংস্কৃত শব্দ ব্যবহার করা হয়। এ সংস্কৃত শব্দগুলোতে সংস্কৃতের মত দন্ত ন ও মূর্ধন্য-ণ ব্যবহার করা হয়। তৎসম বা সংস্কৃত শব্দে যে নিয়মকে অনুসরণ করে মূর্ধন্য ণ-এর ব্যবহার হয় তাকেই ণ-ত্ব বিধান বলে।

তৎসম বা সংস্কৃত শব্দ ছাড়া বাংলাভাষার শব্দসম্ভারের অন্য কোন শব্দে মূর্ধন্য ণ লেখার নিয়ম নেই।

**তৎসম বা সংস্কৃত শব্দে ণ-এর ব্যবহারের নিয়মকে ণ-ত্ব বিধান বলে।**

### ণ-ব্যবহারের নিয়ম

১. ট বর্গীয় ধ্বনির আগের দন্ত্য ন সব সময় মূর্ধন্য ণ হয়। যেমন ঘণ্টা, লুণ্ঠন, কাণ্ড ইত্যাদি।

২. ঋ, র, ষ এর পরে মূর্ধন্য ণ-হয়। যেমন- ঋণ, তৃণ, বর্ণ, ভাষণ ইত্যাদি।

৩. ঋ, র, ষ এর পরে স্বরধ্বনি, য, ব, হ এবং ক ও প বর্গীয় ধ্বনি থাকলে পরবর্তী দন্ত্য ন মূর্ধন্য ণ হয়। যেমন- হরিণ (র এর পরে ই তারপরে ণ), অর্পণ (র+প+অ+ণ), লক্ষণ (ক্+ষ্+অ+ণ), কৃপণ (ঋ কারের পরে প্, পরে ণ) ইত্যাদি।

৪. সমাসবদ্ধ শব্দে দুইপদেরই অর্থের প্রাধান্য থাকলে ণ-ত্ব বিধান খাটে না। যেমন- ত্রিনয়ন, সর্বনাম, দুর্নীতি ইত্যাদি।

৫. ত বর্গের আগে কখনও মূর্ধন্য ণ হয় না- দন্তন্য ন হয়। যেমন-অন্ত, গ্রন্থ, ক্রন্দন ইত্যাদি।

৬. কিছু শব্দে সবসময়ই ণ হয়।

যেসব শব্দে সব সময়ই মূর্ধন্য ণ হয়–

**মাণিক্য, গণ, বাণিজ্য, লবণ, মণ, বেণু, বীণা, কঙ্কণ, কণিকা, কল্যাণ, শোণিত, মণি, গুণ, পুণ্য, অনূ, বিপণী, ক্ষণিকা, লাবণ্য, বাণী, গৌণ, কোণ, ভাণ, পণ।**

৭. কিছু শব্দে সবসময়ই ন দন্ত্য হয় মূর্ধন্য ণ হয় না।

যেসব শব্দে সবসময়ই দন্ত্য ন হয়–

**কর্তন, ক্রন্দন, বন্ধন** ইত্যাদি।

## পাঠোত্তর মূল্যায়ন - ১

**সঠিক উত্তরের পাশে টিক (✓) চিহ্ন দিন।**

১। 'ণ'-ত্ব বিধান' এর অর্থ কি?
- ক. ন ব্যবহারের নিয়ম
- খ. ণ ব্যবহারের নিয়ম
- গ. সংস্কৃত ব্যাকরণের নিয়ম
- ঘ. ণ-এর অপব্যবহার

২। ণ-ত্ব বিধান কোন শব্দের জন্য প্রযোজ্য?
- ক. বাংলা শব্দ
- খ. বিদেশী শব্দ
- গ. সংস্কৃত শব্দ
- ঘ. আরবি শব্দ

৩। ণ-ত্ব বিধান মতে ঋ, র, ষ এর পরে যুক্ত হয়-
- ক. ন
- খ. ণ
- গ. ন অথবা ণ
- ঘ. কোন নিয়ম নেই

৪। কোন বর্গের আগে কখনও ণ হয় না?
- ক. ট বর্গ
- খ. প বর্গ
- গ. ব বর্গ
- ঘ. ত বর্গ

**উত্তরগুলো মিলিয়ে নিন। আপনার উত্তরের সঙ্গে না মিললে পাঠটি আবার ভাল করে পড়ুন।**

১। খ ২। গ ৩। খ ৪। ঘ

# পাঠ ২

## উদ্দেশ্য

**এ পাঠটি পড়ে আপনি-**

* ষ-ত্ব বিধান কাকে বলে লিখতে পারবেন।
* ষ-ত্ব বিধানের নিয়মগুলো বর্ণনা করতে পারবেন।

সংস্কৃত ভাষায় মূর্ধন্য ষ এর ব্যবহার আছে। সেজন্য বাংলা ভাষায় যে সব অবিকৃত সংস্কৃত শব্দ ব্যবহার করা হয় সেগুলোতে মূর্ধন্য ষ ব্যবহারের নিয়ম প্রচলিত আছে। যে বিধান বা নিয়ম অনুসারে অবিকৃত সংস্কৃত শব্দে মূর্ধন্য ষ-এর ব্যবহার করা হয় তাকেই ষ-ত্ব বিধান বলে।

বাংলা ভাষায় মূর্ধন্য ষ এর বিশেষ উচ্চারণ নেই। খাঁটি বাংলা শব্দ ও বিদেশী শব্দের বানানে মূর্ধন্য ষ লেখার প্রয়োজন নেই।

**সংস্কৃত শব্দে মূর্ধন্য ষ এর ব্যবহারের নিয়মকে ষ-ত্ব বিধান বলে।**

**খাঁটি বাংলা শব্দ ও বিদেশী শব্দের বানানে মূর্ধন্য ষ লেখার প্রয়োজন নেই।**

**ষ-ব্যবহারের নিয়ম-**

১. অ, আ, ছাড়া অন্য স্বরধ্বনি এবং ক ও র এর পর মূর্ধন্য ষ হয়। যেমন- ভবিষ্যৎ, মুমূর্ষু, বিষয়, সুষমা ইত্যাদি।

২. ই-কারান্ত ও উ-কারান্ত উপসর্গের পর কতকগুলো ধাতুতে মূর্ধন্য ষ হয়। যেমন- অভি-সেক>অভিষেক, সুপ্ত>সু=সুষুপ্ত, অনু-সঙ্গ>অনুষঙ্গ, প্রতি- সেধক>প্রতিষেধক, অনু-স্থান>অনুষ্ঠান ইত্যাদি।

৩. ঋ-কার ও র এর পর মূর্ধন্য ষ হয়। যেমন- কৃষক, তৃষ্ণা, বর্ষা, উৎকৃষ্ট, বর্ষা, বৃষ্টি, দৃষ্টি, বর্ষণ ইত্যাদি।

৪. ট ও ঠ এর পর মূর্ধন্য ষ হয়। যেমন- কষ্ট, কাষ্ঠ, সুষ্ঠু, নষ্ট ইত্যাদি।

৫. কিছু শব্দে সবসময়ই মূর্ধন্য ষ হয়।

যেসব শব্দে সব সময়ই মূর্ধন্য ষ হয়–

**আষাঢ়, ঊষা, ঊষর, আভাষ অভিলাষ, ঈষৎ, ঈর্ষা, কষায়, কোষ, পাষণ্ড, পাষাণ, ভাষা, ভাষণ, মানুষ, সরিষা, ঔষধ, ওষধি, ঘোষনা, পৌষ, কলুষ, শোষণ, ষড়যন্ত্র, সুষম ইত্যাদি।**

৬. সংস্কৃত সাৎ প্রত্যয়যুক্ত শব্দে মূর্ধন্য ষ হয় না। যেমন- ধূলিসাৎ, ভূমিসাৎ ইত্যাদি।

## পাঠোত্তর মূল্যায়ন - ২

**সঠিক উত্তরের পাশে টিক (✓) চিহ্ন দিন।**

১। ষ-ত্ব বিধান দ্বারা জানা যায়

ক. দেশী শব্দে মূর্ধন্য ষ-এর ব্যবহার
খ. বিদেশী শব্দে মূর্ধন্য ষ-এর ব্যবহার
গ. মূর্ধন্য ষ-এর ব্যবহার
ঘ. সংস্কৃত শব্দে মূর্ধন্য ষ-এর ব্যবহার

২। ঋ ও র এর পর বসে

ক. তালব্য-শ
খ. দন্ত্য-স
গ. মূর্ধন্য-ষ
ঘ. যে কোন স-ধ্বনি

৩। "ষ-ত্ব বিধান" এর অর্থ কি?

ক. মূর্ধন্য ষ ব্যবহারের নিয়ম
খ. বাংলা ব্যাকরণের নিয়ম
গ. অধিকার সম্পর্কিত
ঘ. মূর্ধন্য ষ-এর অনিয়ম

৪। ট ও ঠ এর পরে বসে

ক. তালব্য - শ
খ. দন্ত্য - স
গ. মূর্ধন্য - ষ
ঘ. যে কোন একটি স-ধ্বনি

**উত্তরগুলো মিলিয়ে নিন। আপনার উত্তরের সঙ্গে না মিললে পাঠটি আবার ভাল করে পড়ুন।**

**উত্তর**

১। ঘ ২। গ ৩। ক ৪। গ